

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি: তৃতীয়

বিষয়: প্রাথমিক বিজ্ঞান

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও:

১৫ × ২ = ৩০

- ক) মানুষের তৈরি পরিবেশের কয়েকটি উপাদানের নাম লিখ।
- খ) প্রাকৃতিক পরিবেশ কীভাবে তৈরি হয় ?
- গ) জীবের কয়েকটি বৈশিষ্ট্য লেখ।
- ঘ) জড় পদার্থগুলো কেন জীব নয় ?
- ঙ) তোমার বিদ্যালয়ের পরিবেশ কী নিয়ে গঠিত ?
- চ) উদ্ভিদ চলাচল করতে পারে না কেন ?
- ছ) প্রাণী খাদ্য হিসেবে কী গ্রহণ করে থাকে ?
- জ) তোমার বাড়ির পরিবেশ বলতে কী বোঝ ?
- ঝ) তোমার পড়ার ঘরের কয়েকটি জড়বস্তুর নাম লিখ।
- ঞ) উদ্ভিদের কয়েকটি বৈশিষ্ট্য লিখ।
- ট) তোমার পড়ার টেবিল কী পদার্থ? ৩টি কারণ লিখ।
- ঠ) বায়ুকে আমরা কী কাজে ব্যবহার করতে পারি?
- ড) তোমার দেখা পানির কয়েকটি প্রাকৃতিক উৎসের নাম লিখ।
- ঢ) হিউমাস কী ?
- ণ) নাইট্রোজেনের কয়েকটি ব্যবহার লেখ।

২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) ময়লা, আবর্জনা নির্দিষ্ট স্থানে বায়ুদূষণ কমানো যায়।
- খ) অক্সিজেন গ্যাস কোনো কিছু সাহায্য করে।
- গ) বাংলাদেশের বেশিরভাগ এলাকার মাটি।
- ঘ) চর্মরোগ এবং ক্যানসার হতে পারে..... যুক্ত পানি ব্যবহারে।
- ঙ) আগুনের ছাই ও বায়ু দূষিত করে।
- চ) সকল প্রাণী ও উদ্ভিদ শ্বাসকার্য ব্যবহার করে।

- ছ) বেলে মাটির পানি ধারণক্ষমতা।
 জ) কাঁঠাল ভালো জন্মে মাটিতে।
 ঝ) আর্সেনিকযুক্ত নলকূপের রং।
 ঞ) সকল পানিই পান করার উপযুক্ত নয়।
 ট) দুধের নিজস্ব..... আছে কিন্তু নির্দিষ্ট আকার নেই।
 ঠ) পোশাক তৈরিতেও ব্যবহার করা হয় প্রাণীর ও লোম।
 ড) গোলাপ শ্রেণির উদ্ভিদ।
 ঢ) যেসব প্রাণী বুকে ভর দিয়ে চলে তাদের বলে।

৩। বামপাশের বাক্যাংশের সাথে ডান পাশের মিল করে লিখ: $৫ \times ২ = ১০$

বামপাশ	ডানপাশ
ক) মেরুদণ্ড	১. কঠিন পদার্থ
খ) সমুদ্রের পানি	২. উদ্ভিদের খাদ্য তৈরি।
গ) অক্সিজেনের ব্যবহার	৩. তরল পদার্থ
ঘ) বরফ, পেন্সিল	৪. দেহকে দৃঢ় করে।
ঙ) স্বাদু পানি	৫. প্রচুর পরিমাণে আছে।
	৬. লবণাক্ত
	৭. সীমিত পরিমাণে আছে।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ: $৬ \times ৮ = ৪৮$

- ক) জীব ও জড়ের মধ্যে দুইটি পার্থক্য লিখ। জীব কীভাবে জড়ের উপর নির্ভরশীল বর্ণনা কর।
 খ) আমাদের চারপাশে অসংখ্য মেরুদণ্ডী প্রাণী রয়েছে। এদের বিভিন্ন দলে ভাগ করে বৈশিষ্ট্য লেখ।
 গ) পানির কয়টি অবস্থা? পানিকে কীভাবে তুমি বিভিন্ন অবস্থায় পরিবর্তন করতে পারবে-ব্যাখ্যা কর।
 ঘ) পানির উৎস উল্লেখ করে সেগুলোর ব্যবহার লিখ।
 ঙ) খিরা, শসা, তরমুজ এগুলো কোন মাটিতে ভালো হয় এবং কেন ?
 চ) সবচেয়ে ছোট কণার মাটি ও সবচেয়ে বড় কণার মাটির মধ্যে তিনটি করে পার্থক্য লিখ।

- ছ) কার্বন ডাইঅক্সাইড তোমার পছন্দের কোকাকোলা তৈরি ছাড়াও আর কী কী কাজে ব্যবহার করা হয় ?
 জ) তোমার এলাকায় কীভাবে বায়ু দূষিত হয় ? এই দূষণ রোধ করতে তুমি কী কী পদক্ষেপ নিতে পার লিখ।
 ঝ) অপুষ্পক উদ্ভিদ কাকে বলে? লাউ ও শিম, আম ও জাম এবং গোলাপ ও বেলি উদ্ভিদগুলোকে কোন ধরনের উদ্ভিদ বলা হয় এবং কেন?
 ঞ) ‘মানুষ শুধু জড় না জীবের উপরও নির্ভরশীল’-উক্তিটি ব্যাখ্যা কর।